

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা

নং-বিটিভি/ডিভিভি(নিউজ)/১৬/১৫১৫


তারিখ: ২৮-১২-২০২১

বিষয়: বাংলাদেশ টেলিভিশন এ জেলা প্রতিনিধি নিয়োজনের বিষয়ে প্রচার।

বাংলাদেশ টেলিভিশন জেলা প্রতিনিধি নিয়োজন নীতিমালা অনুযায়ী বরগুনা, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, মাদারীপুর, ভোলা ও রাজবাড়ী সহ মোট ০৭ টি জেলায় একজন করে সংবাদ প্রতিনিধি নিয়োজন দেয়া হবে। আগ্রহী ও যোগ্য প্রার্থীদের নিম্নলিখিত যোগ্যতাসমূহ থাকতে হবে:

- ১। আবেদনকারীকে কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী হতে হবে।
- ২। সাংবাদিকতা বিষয়ে ডিগ্রীধারী বা প্রশিক্ষণপ্রাপ্ত অগ্রাধিকার দেয়া হবে।
- ৩। মাইক্রোফোন উপযোগী কণ্ঠস্বর, আকর্ষণীয় বাচনভঙ্গি ও প্রমিত বাংলা উচ্চারণের অধিকারী হতে হবে।
- ৪। ক্যামেরার সামনে নিঃসংকোচ ও সাবলীল কথা বলার অধিকারী হতে হবে।
- ৫। ক্যামেরা, এডিটিং ও ইন্টারনেট বিষয়ে কারিগরী জ্ঞানসম্পন্ন হতে হবে।
- ৬। সর্বনিম্ন বয়স ৩০ বছর হতে হবে।
- ৭। মামলায় সাজাপ্রাপ্ত ব্যক্তি, সরকারী যে কোন খাত হতে বেতনভুক্ত কর্মচারী ও নির্বাচিত জনপ্রতিনিধির আবেদন গ্রহণ করা হবে না।

ইতোমধ্যে যেসকল প্রার্থীরা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। নতুন প্রার্থীরা বিটিভি মহাপরিচালক মহোদয়ের বরাবর আগামী ১৫ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে আবেদন করতে পারবেন।


(অনুপ কুমার খাস্তাগীর) ২৮/১২/২১
উপ-মহাপরিচালক (বার্তা)
ফোন: ৫৫১৩১৯৯২